গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৪২.৯৯.০২২.২৩-৫৬৮

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয় : "ভূমি আপীল বোর্ড (সংশোধন) আইন, ২০২৩" এর প্রস্তুতকৃত খসড়ার উপর মতামত প্রদান সংক্রান্ত**

সূত্র : স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪২.৯৯.০২২.২৩-৫৬২/১(৪০) তারিখ: ৩০ অক্টোবর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত "ভূমি আপীল বোর্ড (সংশোধন) আইন, ২০২৩" এর খসড়া প্রস্তুতপূর্বক সংযুক্তক্রমে এ সাথে প্রেরণ করা হলো। খসড়া আইনটি চূড়ান্তকরণের নিমিত্ত অংশীজনের মতামত গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, প্রস্তুতকৃত খসড়া আইনের বিষয়ে কোন মতামত/পরামর্শ থাকলে লিখিতভাবে সরাসরি যুগ্মসচিব (আইন অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয় বরাবর ডাকযোগে অথবা ই-মেইল আইডি law1@minland.gov.bd এ আগামী ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: **"ভূমি আপীল বোর্ড (সংশোধন) আইন, ২০২৩" এর প্রস্তুতকৃত খসড়া ০১ (এক) পৃষ্ঠা**


(মোঃ আবুল কালাম তালুকদার)
উপসচিব
ফোন: +৮৮০২৫৫১০০১২৫
ইমেইল: law1@minland.gov.bd


**বিতরণ:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা
৬। সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৯। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সচিব, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা
১৭। সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা
২১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩। সচিব, জ্বালানি ও খণিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
২৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
২৭। বিভাগীয় কমিশনার ................................................... (সকল)
২৮। জেলা প্রশাসক ....................................................... (সকল)
২৯। সিস্টেম এনালিষ্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [তাকে প্রস্তাবিত “ভূমি আপীল বোর্ড (সংশোধন) আইন, ২০২৩” এর প্রস্তুতকৃত খসড়া আইনটি সর্বসাধারণের মতামত গ্রহণার্থে আগামী ৩০/১১/২০২৩ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।]

২০২৩ সনের ..... নং আইন

## ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২৪ নং আইন)- এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজন; সেহেতু উহা সংশোধনক্রমে নিম্নরূপ আইন করা হলো:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।** - (১) এই আইন ভূমি আপীল বোর্ড (সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা:** এই আইনে 'বোর্ড' বলিতে 'ভূমি আপীল বোর্ড' কে বুঝাইবে।

৩। **আইনের প্রাধান্য:** আপাতত: বলবত অন্য কোন আইনে বিপরীত যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীন প্রণীত বিধিমালার বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। **ভূমি আপীল বোর্ড গঠন:** (১) একজন চেয়ারম্যান এবং চারজন সদস্য নিয়ে ভূমি আপীল বোর্ড গঠিত হইবে। সরকার প্রয়োজন মনে করিলে সদস্যগণের সংখ্যা হ্রাস অথবা বৃদ্ধি করিতে পারিবে।

(২) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকরির শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত ০২ (দুই) জন সদস্য সমন্বয়ে আপিল বা রিভিশন আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত গৃহীত হইবে। উক্ত সিদ্ধান্ত বোর্ডের সিদ্ধান্ত হিসাবে বিবেচিত হইবে।

(৪) কোন আপিল বা রিভিশন আবেদনের আদেশের বিষয়ে সিদ্ধান্তের ক্ষেত্রে সদস্যগণের মধ্যে বিভক্তি হলে তা লিখিতভাবে বর্ণনাপূর্বক চেয়ারম্যান বরাবর উপস্থাপন করিতে হইবে। দ্বিধাবিভক্ত সিদ্ধান্তের ক্ষেত্রে চেয়ারম্যান এবং দুইজন সদস্য বা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তিন জন সদস্যের মতামত অনুযায়ী চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৫) কোন কারণে চেয়ারম্যানের পদ শূণ্য হইলে অথবা চেয়ারম্যান অনুপস্থিত থাকিলে অথবা চেয়ারম্যান দায়িত্ব পালনে অক্ষম হইলে জ্যেষ্ঠ সদস্য চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৬) বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে সাংগঠনিক কাঠামো নির্ধারণপূর্বক প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

৫। **বোর্ডের এখতিয়ার:** বোর্ড উহার উপর সরকার কর্তৃক অথবা অন্য কোন আইনের দ্বারা কিংবা আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

৬। **পুনর্বিবেচনা:** (১) বোর্ডের কোন আদেশের দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি আদেশটি প্রদানের ৬০ (ষাট) দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য বোর্ডের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আবেদন করিতে পারিবেন।

(২) বোর্ডের বিবেচনায় সঙ্গত মনে হইলে আবেদনকারীর প্রার্থনার পরিপ্রেক্ষিতে বোর্ড উহার সিদ্ধান্তের বাস্তবায়ন উপধারা (১) এর অধীনে পেশকৃত আবেদনটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত রাখিতে পারিবে।

(৩) পুর্নবিবেচনার জন্য দাখিলকৃত আবেদন চেয়ারম্যান এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত ০২ (দুই) জন সদস্য কর্তৃক শুনানীঅন্তে নিষ্পন্ন হইবে।

এ কে এম শামিমুল হক ছিদ্দিকী.
চেয়ারম্যান (সচিব)
ভূমি আপীল বোর্ড, ঢাকা।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(৪) এই আইনের অধীন পুনর্বিবেচনার মামলা দায়েরের ক্ষেত্রে Limitation Act, 1908 (Act IX of 1908) এর বিধানাবলী, এই আইনের বিধানাবলী সাপেক্ষে, যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে।

৭। **বিধি প্রণয়নের ক্ষমতা:** এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৮। **রহিতকরণ ও হেফাজত:** (১) ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ এতদ্বারা রহিত করা হইল।

(২) উপধারা (১) এর অধীনে রহিতকরণ সত্তেও, রহিত আইনের অধীনে কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৯। **বোর্ডের আদেশ কার্যকরকরণ।** - এই আইনের অধীন বোর্ডের অধঃস্তন ভূমি রাজস্ব আদালত সমূহ বোর্ডের আদেশ প্রতিপালনে বাধ্য থাকিবে। আদেশ পালনে ব্যর্থতা অসদাচরণ বলিয়া গণ্য হইবে এবং প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী দায়ী ব্যক্তির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

এ কে এম শামিমুল হক ছিদ্দিকী,
চেয়ারম্যান (সচিব)
ভূমি আপীল বোর্ড, ঢাকা।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(মোঃ খলিলুর রহমান)
সচিব
ভূমি মন্ত্রণালয়